



## মালয়েশিয়ার উদ্দেশে ঢাকা ছাড়লেন প্রধানমন্ত্রী



ছবি: সংগৃহীত

সরকার গঠনের পর প্রথম রাষ্ট্রীয় সফরে মালয়েশিয়া ও চীনের উদ্দেশে ঢাকা ছেড়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার দুপুরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে তিনি যাত্রা করেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে সফরসঙ্গী হিসেবে রয়েছেন তার সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। এছাড়া মন্ত্রিপরিষদের কয়েকজন সদস্য, উপদেষ্টা এবং উর্ধ্বতন সরকারি কর্মকর্তারাও সফরে অংশ নিয়েছেন।

সন্ধ্যায় কুয়ালালামপুর পৌঁছানোর পর আগামীকাল মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে বৈঠকে বসবেন তিনি। আলোচনায় শ্রমবাজার, আসিয়ানে বাংলাদেশের অন্তর্ভুক্তি, বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতাসহ বিভিন্ন বিষয় গুরুত্ব পাবে।

সফরকালে দুই দেশের মধ্যে কয়েকটি সমঝোতা স্মারক ও সহযোগিতা চুক্তি স্বাক্ষরের সম্ভাবনাও রয়েছে।

মালয়েশিয়া সফর শেষে ২৩ জুন চীনের দালিয়ানে বিশ্ব অর্থনৈতিক ফোরামের 'নিউ চ্যাম্পিয়নস' সম্মেলনে যোগ দেবেন প্রধানমন্ত্রী। সেখানে বিভিন্ন দেশের শীর্ষ নেতাদের সঙ্গে বৈঠকের সম্ভাবনা রয়েছে।

চীন সফরের অংশ হিসেবে দেশটির প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন তারেক রহমান। একাধিক সমঝোতা স্মারক ও চুক্তি সইয়ের প্রস্তুতি রয়েছে। নির্ধারিত কর্মসূচি শেষে ২৬ জুন দেশে ফেরার কথা রয়েছে প্রধানমন্ত্রীর।